# রিহ্যাব ফেয়ার - ২০২৫

**২৪-২৭ ডিসেম্বর, ২০২৫**

**তথ্য ও আচরণবিধি**

**তারিখ: ১৭ ডিসেম্বর, ২০২৫**

### ১. অবস্থান

ফেয়ারটি ২৪-২৭ ডিসেম্বর, ২০২৫ তারিখ বাংলাদেশে চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র (বিসিএফসিসি), আগারগাঁও, ঢাকা- তে অনুষ্ঠিত হবে।

### ২. সময়কাল ও দর্শনার্থীদের জন্য সময়সূচি

ফেয়ার ২৪ ডিসেম্বর থেকে ২৭ ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত চলবে।

প্রথম দিন (২৪ ডিসেম্বর, ২০২৫) ফেয়ার দুপুর ২টা থেকে শুরু হবে।

### ৩. স্টল সাইজ

ডায়মন্ড স্পন্সর: দৈর্ঘ্য ৩০', প্রস্থ ১২', উচ্চতা ১২'।

গোল্ড স্পন্সর: দৈর্ঘ্য ২৪', প্রস্থ ৮', উচ্চতা ৮'।

কো-স্পন্সর: দৈর্ঘ্য ১৬', প্রস্থ ৮', উচ্চতা ৮'।

সাধারন স্টল: দৈর্ঘ্য ৮', প্রস্থ ৮', উচ্চতা ৮'।

** স্টল ইন্টেরিয়ার করতে ইচ্ছুক অংশগ্রহণকারীদের স্টলের সর্বোচ্চ উচ্চতা ১২ ফুটের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। ডিজাইন অবশ্যই ২০ ডিসেম্বর, ২০২৫ এর মধ্যে রিহ্যাব ফেয়ার স্ট্যান্ডিং কমিটির অনুমোদন নিতে হবে।

### ৪. স্টল সাজানোর সময়সূচি

২৩ ডিসেম্বর, ২০২৫ তারিখ সকাল ১১:০০ টা থেকে রাত ১১:৫৯ পর্যন্ত স্টল সাজানোর অনুমতি থাকবে। ফেয়ার শুরুর অন্তত ৬ ঘণ্টা আগে সব সাজানোর কাজ শেষ করতে হবে।

**যোগাযোগের জন্য: ইঞ্জি. মাহমুদুর রহমান, জিএম, রিহ্যাব - ০১৭৫৫৫৫৫৩১৩**

### ৫. স্টলে রিহ্যাব প্রদত্ত সুবিধাসমূহ

**ক. আসবাবপত্র:**

ডায়মন্ড ও গোল্ড স্পন্সর: ১০টি চেয়ার এবং ৩টি টেবিল।

কো-স্পন্সর: ৮টি চেয়ার এবং ২টি টেবিল।

সাধারণ স্টল: ৫টি চেয়ার এবং ১টি টেবিল।

কর্ণার স্টলগুলিতে ২টি টেবিল ও সকল টেবিলে কাভার দেওয়া থাকবে।

**খ. বৈদ্যুতিক সরঞ্জামাদি:**

২টি টিউব লাইট, ১টি ৫-অ্যাম্প সকেট এবং ১টি স্ট্যান্ড ফ্যান।

**গ. নিরাপত্তা:**

ফেয়ার চলাকালীন এবং ফেয়ার শেষে রিহ্যাব নিরাপত্তা নিশ্চিত করবে।

### ৬. অংশগ্রহণকারীদের আচরণবিধি

ক. ফ্যাসিয়া বোর্ড বরাদ্দকৃত ডিজাইনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ রাখতে হবে এবং অবশ্যই স্টল নম্বর লিখা থাকতে হবে। অতিরিক্ত সজ্জার জন্য পূর্ব অনুমতি আবশ্যক।

খ. আকর্ষণীয় ফেয়ার নিশ্চিত করার জন্য, রিহ্যাব সিদ্ধান্ত নিয়েছে যে, রিহ্যাব ফেয়ার ২০২৫-এ সকল অংশগ্রহণকারীদের স্টল অভ্যন্তরীণ ইন্টেরিয়ার করার অনুমতি থাকবে। তবে নির্ধারিত ডিজাইনের (দৈর্ঘ্য/প্রস্থ/উচ্চতা) বাইরে যাওয়া সম্পূর্ণ নিষিদ্ধ।

গ. স্টল সাজানোর কাজ সময়মতো শেষ করতে হবে (উল্লেখিত প্যারা ৪ অনুসারে)। সময়সীমা শেষ হওয়ার পর স্থানটি নিরাপত্তা রক্ষীদের কাছে হস্তান্তর করা হবে।

ঘ. ২৭ ডিসেম্বর, ২০২৫ তারিখ রাত ১১:৫৯ মিনিট এর মধ্যে স্টল সরিয়ে ফেলতে হবে।

ঙ. রিহ্যাবের নিরাপত্তা নির্দেশিকা অবশ্যই অনুসরণ করতে হবে।

চ. ফেয়ার প্রাঙ্গণে কোনো ধরণের খাবার বা স্ন্যাকস আনা নিষিদ্ধ। অংশগ্রহণকারীদের জন্য রিহ্যাব কর্তৃক নির্ধারিত এলাকায় (ফুডকোর্ট)খাবার সরবরাহ করা হবে।

লাঞ্চ ও রিফ্রেশমেন্ট প্যাকেট: ডায়মন্ড স্পন্সর: ১৫ জন, গোল্ড স্পন্সর: ১০ জন, কো-স্পন্সর: ৮ জন, সাধারন স্টল: ৫ জন।

লাঞ্চ টাইম: দুপুর ১:৩০ থেকে ২:৩০, রিফ্রেশমেন্ট টাইম: বিকাল ৪:৩০ থেকে ৬:০০।

ছ. প্রতিটি অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে তাদের স্টলে প্রকল্প সম্পর্কিত প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন করতে হবে।

জ. সকল অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে তাদের স্টলে প্রয়োজনীয় ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্পের অনুমোদিত নকশা, অনুমোদিত পত্র এবং প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র প্রদর্শন করতে হবে। এটি সম্ভাব্য ক্রেতা, ক্লায়েন্ট বা দর্শনার্থীদের প্রকল্প ও পণ্যের সঠিক তথ্য নিশ্চিত করার জন্য প্রয়োজন।

ঝ. কঠোরভাবে নিষিদ্ধ কার্যক্রম: অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলোকে স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন ছাড়া কোনো প্লট/ফ্ল্যাট বিক্রি, বিজ্ঞাপন বা প্রচার করা রিহ্যাব ফেয়ারে সম্পূর্ণ নিষিদ্ধ। সকল অংশগ্রহণকারী প্রতিষ্ঠান এই নিয়ম মেনে চলার জন্য লিখিত অঙ্গীকার প্রদান করেছে। এই নিয়মের কোনো ধরনের লঙ্ঘন হলে ফেয়ারের যে কোনো পর্যায়ে স্টল বরাদ্দ তাৎক্ষণিকভাবে বাতিল করা হবে।

ঞ. আইডি কার্ড বিতরণ: ডায়মন্ড স্পন্সর স্টল: ১৫টি আইডি কার্ড, গোল্ড স্পন্সর স্টল: ১০টি আইডি কার্ড, কো-স্পন্সর স্টল: ৮টি আইডি কার্ড এবং সাধারন স্টল: ৫টি আইডি কার্ড।

ট. সমস্ত কোম্পানির প্রতিনিধিদের ফেয়ার প্রাঙ্গণে প্রবেশের জন্য নির্ধারিত প্রবেশ গেট এবং প্রস্থান করার জন্য নির্ধারিত প্রস্থান গেট ব্যবহার করার অনুরোধ করা হচ্ছে। প্রতিনিধিদের সব সময় তাদের ফেয়ার এন্ট্রি আইডি কার্ড দৃশ্যমানভাবে পরিধান করতে হবে এবং নির্ধারিত স্টলের বাইরে কোনো ধরনের বিপণন কার্যক্রম কঠোরভাবে নিষিদ্ধ।

ঠ. নিষিদ্ধ কার্যক্রম: ফেয়ার বিঘ্নিত করতে পারে এমন নিম্নলিখিত কার্যক্রম কঠোরভাবে নিষিদ্ধ:

১. স্টলের বাইরে দর্শনার্থীদের পরামর্শ প্রদান বা তাদের স্টলের দিকে ডাকাডাকি করা।
২. সাধারণ এলাকা, প্রবেশপথ ইত্যাদিতে প্রচার সামগ্রী বিতরণ।
৩. অডিও বিরক্তি, যেমন– সংগীত বা জিঙ্গেল।
৪. আলোর বিরক্তি, যেমন– ঝলমলে লাইট।
৫. শব্দ উৎপন্নকারী যন্ত্র বা উচ্চ ভলিউমের সাউন্ড সরঞ্জাম ব্যবহার নিষিদ্ধ।
৬. স্টলে অনুমোদিত সামগ্রী: মাল্টিমিডিয়া প্রজেক্টর, শব্দবিহীন LED বা LCD মনিটর, প্রজেক্টের কাঠামোগত মডেল এবং অভ্যন্তরীণ নকশা।
৭. প্রতিনিধিদের সীমা: সাধারন স্টল: একসঙ্গে সর্বোচ্চ ৫ জন, কো–স্পন্সর স্টল: একসঙ্গে সর্বোচ্চ ৮ জন, গোল্ড স্পন্সর স্টল: একসঙ্গে সর্বোচ্চ ১০ জন, ডায়মন্ড স্পন্সর স্টল: একসঙ্গে সর্বোচ্চ ১৫ জন।
৮. আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ: প্রতি কোম্পানি থেকে শুধুমাত্র একজন প্রতিনিধি অংশগ্রহণ করতে পারবেন। নিরাপত্তা কর্মীরা নিমন্ত্রণপত্র যাচাই করবে, যা হস্তান্তরযোগ্য নয়।
৯. ক্ষতির দায়িত্ব: ফেয়ার, ভেন্যু বা স্টলে কোনো ক্ষতি হলে তার দায়ভার অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের। ক্ষতিপূরণ রিহ্যাব ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পারস্পরিক আলোচনার মাধ্যমে নির্ধারণ করবে।
১০. মূল্যবান সামগ্রীর নিরাপত্তা: ল্যাপটপ, মনিটর, টিভি, মোবাইল ফোন বা অন্যান্য মূল্যবান সামগ্রীর নিরাপত্তা নিশ্চিত করা অংশগ্রহণকারীর দায়িত্ব। রিহ্যাব স্টলের সামগ্রী হারানো বা ক্ষতিগ্রস্ত হওয়ার জন্য কোনোভাবেই দায়ী থাকবে না।
১১. নির্ধারিত প্রবেশ ও প্রস্থান ক্ষেত্রে নির্ধারিত গেট ব্যবহার করতে হবে। ফেয়ার ব্যাহত করতে পারে এমন কর্মকাণ্ড। যেমন– স্টলের বাইরে দর্শনার্থীদের আকৃষ্ট করা, সাধারণ এলাকায় প্রচার সামগ্রী বিতরণ, উচ্চ শব্দ বা ঝলমলে লাইট ব্যবহার হতে বিরত থাকতে হবে।
১২. সাধারণ নির্দেশনা: সকল অংশগ্রহণকারীকে রিহ্যাব ফেয়ার স্ট্যান্ডিং কমিটির নির্ধারিত নিয়ম ও শর্ত মেনে চলতে হবে।

** রিহ্যাব ফেয়ারে কোনো প্রকল্প, প্লট, ফ্ল্যাট বা বাণিজ্যিক স্পেস সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বা রাজউকের পূর্ব অনুমোদন ছাড়া প্রদর্শন বা বিপণন করা যাবে না।

রিহ্যাব ফেয়ার স্ট্যান্ডিং কমিটির অধিকার:

কমিটি কোনো ব্যাখ্যা ছাড়াই আচরণবিধি লঙ্ঘনকারী স্টল বন্ধ করার অধিকার সংরক্ষণ করে।

মোঃ আক্তার বিশ্বাস
সহ-সভাপতি (২), রিহ্যাব
ও চেয়ারম্যান, ফেয়ার স্ট্যান্ডিং কমিটি (ন্যাশনাল), রিহ্যাব।

মোঃ ওয়াহিদুজ্জামান
সভাপতি, রিহ্যাব।